

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৩৭.০১৫.০০.০০.০০১.২০১০-

তারিখঃ ৩০/১১/২০১৪ খ্রিস্টাব্দ
১৬/০৮/১৪২১ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৬/০৭/২০১৪ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ -১৮৬৭/২০১৪/১৫৪
নম্বর পত্রের সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র কম্পিউটার অপারেটর (১ম শ্রেণি)
নন-ক্যাডার পদে জাতীয় বেতন ক্ষেত্রে ২০০৯ অনুযায়ী টাকা ১১০০০-৮৯০ X ৭-১৪৪৩০-ইবি-৫৮০ X ১১-২০৩৭০/- বেতন ক্ষেত্রে
নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রমিক নং	প্রার্থীর নাম	ঠিকানা	রেজিঃ নম্বর
১।	জনাব মোঃ আব্দুল আলীম	পিতাঃ মোঃ আব্দুল হাই, গ্রাম-দাদপুর, ডাকঘরঃ বালসা বাড়ী, থানা/উপজেলাঃ উল্লাপাড়া, জেলাঃ সিরাজগঞ্জ	০০০০২১

শর্তাদ্বারা

(১) উক্ত পদের জন্য সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রয়োজনবোধে
সরকার প্রশিক্ষণের পূর্বে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(২) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি চাকুরিতে
বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শনো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ
ব্যতিরেকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(৩) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনিশত) টাকা মূল্যের নন-জুড়িশিয়াল
স্ট্যাম্পে এ মর্মে একটি বড় সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিশ কালে অথবা শিক্ষানবিশ কাল উত্তীর্ণ
হওয়ার ০২ (দুই) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাত্তা, প্রশিক্ষণ
উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাত্তা/অন্যান্য ভাত্তাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে
তিনি বাধ্য থাকবেন।

(৪) ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে ক্রমিক-৩
অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্ত সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাস্ট ১৯১৩ এর বিধান অনুসারে আদায়
করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আঙীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ
করা হবে;

(৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থী যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গিকারাবদ্ধ
হয়ে তবে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে;

(৬) চাকুরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনিশত) টাকা মূল্যের নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে এ মর্মে
একটি বড় সম্পাদন করতে হবে যে তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক মিবেন না এবং
কোন যৌতুক দিবেন না;

(৭) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) বিধি অনুযায়ী সকল স্থাবর-
অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

অপর পাতা দ্রষ্টব্য

(৮) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে;

(৯) এ চাকুরিতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্ত হবেন না ;

(১০) চাকুরির জ্যোতিতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রচীনত্ব বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয় নাই এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে;

(১১) উপরের শর্তাবলী নিয়োগপ্রাপ্ত প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫/১২/২০১৪ খ্রি: তারিখ পূর্বকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হল। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

৩০/১১/২০১৪

(সৈয়দ মন্জুরুল ইসলাম)

সচিব

নং- ৪৫.১৩৭.০১৫.০০.০০১.২০১০-১৮০৭/১(১০)

তারিখঃ ০১/১২/২০১৪ খ্রিস্টাব্দ
১৭/০৮/১৪২১ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। প্রধান হিসাববক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সচিব-মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। জনাব মোঃ আব্দুল আলীম, পিতাঃ মোঃ আব্দুল হাই, প্রাম-দাদপুর, ঢাকঘরঃ বালসা বাড়ী, থানা/উপজেলাঃ উল্লাপাড়া,
- জেলাঃ সিরাজগঞ্জ।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd